# ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ

বাংলাদেশ নৌবাহিনী,
সোনাকান্দা , বন্দর , নারায়ণগঞ্জ

**স্থানীয় ক্রয়ের জন্য দরপত্র**

............................
............................
............................

দরপত্র নং ০৬.০২.৬৭৫৮.১৬৫.০৭.১৯৪.২৩.৭৭১
তারিখঃ ১৬ নভেম্বর ২০২৩
খোলার তারিখঃ ২৩ নভেম্বর ২০২৩
বেলা-১২৩০ ঘটিকা

জনাব

নিম্ন বর্ণিত দ্রব্যাদি ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিমিটেড মালামালসমূহ সরবরাহ করার জন্য আপনাদের কাছ থেকে (০১ - ১০) দফায় বর্ণিত (প্যাকেজ) মালামালের সর্বনিম্ন মূল্য তালিকা আহবান করা যাচ্ছে। আপনাদের মূল্য তালিকা অবশ্যই অপর পৃষ্ঠায় বর্ণিত আমাদের শর্তাবলী অনুযায়ী হতে হবে।

আপনাদের বিশ্বস্ত

এ টি এম শহীদ আহসান
ক্যাপ্টেন বিএন
পক্ষে ম্যানেজিং ডাইরেক্টর

অত্র প্রতিষ্ঠানের এবং বিআইডব্লিউটিএ'র নির্মণাধীন রো রো ফেরী পন্টুনের জন্য বিভিন্ন প্রকার (প্যাকেজ) মালামাল সমূহের বিবরণঃ

সূত্রঃ

ক। ভান্ডার চাহিদা নং ১২০৬৪, ১২০৬৮ তারিখ ১২, ১৪ নভেম্বর ২০২৩ (সিভিল সেকশন)।

| ক্রঃ নং | মালামালের বিবরণ | একক | পরিমাণ | একক মূল্য টাকা | মোট মূল্য টাকা |
|---|---|---|---|---|---|
| ০১ | Wall Tiles (8″×12″) (White) Fresh | স্কয়ার ফিট | ৮০০ | | |
| ০২ | Homogeneous Floor Tiles (12″×12″) (Off White) Fresh | স্কয়ার ফিট | ৪৫০ | | |
| ০৩ | Sand (F.M 1.2) | ঘনফুট | ২০০ | | |
| ০৪ | লোডাউন ফিটিং সেট (আরএকে) | নং | ০২ | | |
| ০৫ | কানেকশন পাইপ (পিভিসি) | নং | ০১ | | |
| ০৬ | এ্যাঙ্গেল ষ্টপ কক (পিভিসি) | নং | ০১ | | |
| ০৭ | পুস সাওয়ার (পিভিসি) | নং | ০১ | | |
| ০৮ | বিব কক (পিভিসি) | নং | ০৫ | | |
| ০৯ | থ্রেড টেপ | নং | ১২ | | |
| ১০ | প্যাড লক (৩২মিঃমিঃ) | নং | ০২ | | |
| | ভ্যাট ও ট্যাক্সসহ সর্বমোট টাকা | | | | |

টাকা কথায়ঃ-------------------------------------------------------------------------------
-----------------------------------------------------------------------------

**দরপত্র কমিটির স্বাক্ষর**

বণিজ্যিক শাখা     হিসাব রক্ষণ শাখা     ব্যবহারকারী

আমরা অপর পৃষ্ঠায় সমস্ত শর্তাবলী মানিয়া নিলাম

সরবরাহকারীর স্বাক্ষর
ভ্যাট নিবন্ধন নং-
এরিয়া কোড নং-
টিআইএন নং-

A T M SHAHID AHSAN
Captain BN
GM (Admin)
Dockyard & Engineering Works Ltd.
Bangladesh Navy, Narayanganj.

## স্থানীয় দরপত্রের অংশগ্রহণের শর্তাবলী

১। দরপত্র ফ্রি সরবরাহ এ্যাট সাইট শর্ত ছাড়া অন্য কোন শর্তে গ্রহণযোগ্য নয়।

২। দরপত্রে অংশ গ্রহণকারীকে সরকারী বিধি মোতাবেক কাষ্টমস কর্তৃপক্ষের দপ্তর থেকে মুসক সেবার কোড এর ২১১৭১০০০০৬৭ আওতাধীন "যোগানদার" হিসেবে মূল্য সংযোজন কর/ টার্নওভার ট্যাক্স নিবন্ধিত হতে হবে এবং এ দরপত্রের সাথে মূসক/টার্নওভার ট্যাক্স নিবন্ধন পত্রের কপি সংযুক্ত করতে হবে। বিধি মোতাবেক মূসক আদায়/রহিত করা হবে। সরকারী নিয়ম অনুযায়ী বিল হতে ট্যাক্স ও ভ্যাট কর্তন করা হবে।

৩। সরবরাহকারীর মূল্য (স্বহস্তে লিখিত বা ছাপানো হোক) পরিস্কারভাবে সীলমোহরকৃত খামে ব্যবস্থাপনা পরিচালক, ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, বাংলাদেশ নৌবাহিনী, বন্দর, নারায়ণগঞ্জ সম্বোধনপূর্বক পাঠাতে হবে।

৪। মূল্য যাচাইপত্র নং বাবি ০৬.০২.৬৭৫৮.১৬৫.০৭.১৯৪.২৩.৭৭১ তারিখ ১৬ নভেম্বর ২০২৩ জমা নেবার শেষ তারিখ ২৩ নভেম্বর ২০২৩ বেলা ১২.১৫ মিঃ পর্যন্ত।

৫। মূল্য তালিকা ডাক অথবা স্বহস্তে ডকইয়ার্ডের প্রধান ফটকে রক্ষিত বাক্সে জমা দিতে হবে। মূল্য তালিকা কমপক্ষে ৪০ দিন পর্যন্ত অবশ্যই বলবৎ রাখতে হবে। ক্রয়াদেশ প্রদানের তারিখ হইতে ১৫ দিনের মধ্যে মালামাল সরবরাহ করতে হবে।

৬। ক্রয়াদেশ বর্ণিত সময়সীমা উত্তীর্ণ হওয়ার পর মালামাল সরবরাহ করা হলে প্রতি সপ্তাহে অথবা অংশ বিশেষ এর জন্য ০.৫% হার এলডি এবং সরবরাহ অধিক বিলম্বের কারণে উৎপাদন ব্যহত হলে/কোন ক্ষতি হলে প্রতি সপ্তাহের অথবা তার অংশ বিশেষের জন্য অনধিক ১% হারে এলডি সরবরাহকারীর নিকট হতে কর্তন করা হবে।

৭। সরবরাহকারী কর্তৃক সময়মত মালামাল সরবরাহে ব্যর্থ হলে অসরবরাহকৃত মালামাল অন্যত্র হতে ক্রয় করতঃ অতিরিক্ত খরচ (যদি কিছু থাকে) সরবরাহকারীর নিকট হতে আদায় করা হবে।

৮। আমাদের নির্দিষ্ট মূল্য যাচাই পত্রের দরপত্র ফরম ব্যতিরেকে অন্য যে কোন শিরোনামাঙ্কিত পত্রের মূল্য তালিকা পাঠানো হলে উহা গ্রহণযোগ্য নাও হতে পারে। বিলম্বে প্রাপ্ত দরপত্র গ্রহণযোগ্য নয়।

৯। ডিইডব্লিউ লিঃ কর্তৃপক্ষের কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন কিংবা সকল মূল্য তালিকাই গ্রহণ অথবা নাকচ করার ক্ষমতা থাকবে।

১০। কোন গ্রহণযোগ্য মূল্য তালিকার সরবরাহকারীকে ক্রয়াদেশ বিধি মোতাবেক দ্রব্য সরবরাহ সুনিশ্চিত করার জন্য সরবরাহকারীর নিকট হতে ৫% হারে জামানত আহবান করা যাবে। উক্ত জামানত এবং তালিকাভুক্ত সরবরাহকারীর স্থায়ী জামানত ডিইডব্লিউ লিঃ কর্তৃপক্ষের আইনের পরিপন্থী এবং ক্রয়াদেশ বর্হিভুত যে কোন কার্যের জন্য অর্থাৎ নির্দিষ্ট সময় সরবরাহ করতে অপারগ, প্রতিজ্ঞা অথবা নমুনা কিংবা ক্রয়াদেশ মোতাবেক সরবরাহ না করার জন্য বাজেয়াপ্ত করা যাবে।

১১। আমাদের এ শর্তাবলী স্বীকার করে নেওয়ার পর সরবরাহকারী কর্তৃক কোন প্রকার অবহেলা অথবা অন্য যে কোন নিজস্ব কারণে যদি শর্তাবলী বিঘ্নিত হয় এবং তার পরিপ্রেক্ষিতে ডকইয়ার্ডের যে কোন দ্রব্যগত বা অর্থগত ক্ষতি সরবরাহকারীর জামানত হতে পূরণ করা হবে।

১২। ক্রয়াদেশভূক্ত একই দফার আংশিক সরবরাহ গ্রহণযোগ্য নয়।

সালিসীর মধ্যস্থতা

উপরোক্ত শর্তাবলীর উপর যদি কোন মত বিরোধ দেখা দেয় তবে বিষয়টি নিস্পত্তির জন্য উভয় পক্ষের মতানুসারে একটি সালিসী পক্ষ ডাকা হবে এবং তাতে বিফল হলে বাংলাদেশ নৌবাহিনী কর্তৃক মনোনীত সালিসী পক্ষ এবং সরবরাহকারীর মনোনীত সালিসী পক্ষের মধ্যস্থতায় নিস্পত্তির চেষ্টা করা হবে, তাতেও বিফল হলে উভয় সালিসী পক্ষের লিখিত মনোনয়নের মাধ্যমে একজন বিচারক (আম্পায়ার) নিযুক্ত করা যাবে এবং তাতেও গৃহীত সিদ্ধান্ত ব্যর্থ হলে ১৯৪০ সালের সালিসী আইন অনুযায়ী চরম সিদ্ধান্তের জন্য একটি চরম সালিসী পক্ষকে মেনে নিতে হবে এবং সে সিদ্ধান্ত উপরে বর্ণিত শর্তাবলী আইনানুগভাবে সংযোজিত হবে এবং উভয় পক্ষকে মেনে নিতে হবে।

বিশেষ দ্রষ্টব্যঃ উপরে উল্লেখিত যে কোন ঘরের নির্দিষ্ট বক্তব্য হতে বিরত থাকলে সরবরাহকারীর মূল্য উদ্ধৃত বাতিল হতে পারে। মূল্য উদ্ধৃতির সকল মূল্যহার পরিস্কারভাবে লিখিতে হবে। কোনরুপ অস্পষ্টতা অসম্পূর্ণতা অথবা পূনঃলিখনের মাধ্যমে ভুল বুঝার অবকাশ থাকলে উদ্ধৃতির উক্ত অংশটুকু বাতিল বলে গণ্য হবে।

A T M SHAHID AHSAN
Captain BN
GM (Admin)
Dockyard & Engineering Works Ltd.
Bangladesh Navy, Narayanganj.

# ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ
বাংলাদেশ নৌবাহিনী
সোনাকান্দা, বন্দর, নারায়ণগঞ্জ

সূত্র নং ০৬.০২.৬৭৫৮.১৬৫.০৭.১৯৪.২৩.৭৭১ তারিখ ১৬ নভেম্বর ২০২৩

দরপত্র খোলার তারিখ ২৩ নভেম্বর ২০২৩ বেলা ১২.৩০ ঘটিকা

| ক্রঃ নং | মালামালের বিবরণ | একক | পরিমাণ | টাকা | |
|---|---|---|---|---|---|
| | | | | অংকে (মোট দর) | কথায় |
| | | | | | |
| | | | সর্বমোট মূল্য | | |

কর্মাশিয়াল (লোকাল)

সরবরাহকারীর নাম ও ঠিকানাঃ

সীলসহ স্বাক্ষর

A T M SHAHID AHSAN
Captain BN
GM (Admin)
Dockyard & Engineering Works Ltd.
Bangladesh Navy, Narayanganj.

## দরপত্রদাতার জন্য দিক নির্দেশনা
## (GUIDELINES FOR TENDERER)

নিম্নোক্ত নির্দেশনাগুলো দরপত্র তৈরীর জন্য গাইড লাইন হিসেবে কাজ করবে ঃ

১। **সতর্কতামুলক নোট (NOTE OF CAUTION) ঃ**

(ক) আন্তর্জাতিক প্রতিযোগিতামূলক বিডিং পদ্ধতি অনুসারে দরপত্র বা কোটেশন আহবান করা হয়েছে।

(খ) কোটেশন/দরপত্রের বিষয়গুলি যদি এই গাইড লাইনের বর্ণিত চুক্তির শর্তের এবং বিনির্দেশে এবং এজেন্ডাভূক্ত বিষয়ের বর্হিভূত হয় তবে তা বাতিল বলে গন্য হবে।

২। **ব্যাখ্যা, নির্দেশাবলী এবং অবগতি (CLARIFICATIONS, INSTRUCTIONS AND INFORMATION)।** এই দরপত্রের সাথে জড়িত অতিরিক্ত কোন তথ্যের অথবা বিড দলিলাদির যে কোন বিষয়ের ব্যাখ্যা করার অনুরোধ থাকলে তা লিখিতভাবে দরপত্র খোলার পূর্বেই জমা দিতে হবে। যদি ক্রেতা কোন ব্যাখ্যা বা অতিরিক্ত তথ্য জানানোর প্রয়োজন অনুভব করে তবে তা সকল বিডারকে লিখিতভাবে জানাবেন। ক্রেতা মৌখিক ব্যাখ্যা, নির্দেশনা বা সংযোজনের ক্ষমতা সংরক্ষণ করে।

৩। **দরপত্র দলিল পরিবর্ধন (MODIFICATION OF TENDER DOCUMENT)।** কোন পরিবর্ধন, সংশোধন অথবা ব্যাখ্যা অথবা দরপত্র বন্ধের তারিখ বাড়ানোর দরকার হলে তা সংশোধন আকারে প্রকাশ করা হবে, যা দরপত্রের অংশ হিসেবে গন্য হবে। এটা দরপত্র আহবানকারী কর্তৃক স্বাক্ষরিত হতে হবে এবং দরপত্রের সাথে সংযুক্ত হবে। যদি তা না হয় তবে অফার বাতিল বলে গণ্য হবে।

৪। **বিডিং নির্দেশনাবলী (BIDDING INSTRUCTION)।**

৪.১ **একক খাম পদ্ধতি (One Envelop System)।**

৪.১.১ দরপত্রের দুই কপি ডুপলিকেটসহ দ্বৈত খামে ভিতরের এবং বাইরের খাম সীলগালা করে প্রাপক বরাবর প্রেরণ করতে হবে......................... (ক্রয় বিভাগের প্রধান)।

৪.১.২ বাহিরের খামে দরপত্র নং, দরপত্র খোলার তারিখ ও সময় উল্লেখ থাকবে। ভিতরের খামে দরপত্র দাতার নাম ও পূর্ণ ঠিকানা থাকতে হবে, যাতে ক্রেতা দেরিতে প্রাপ্ত দরপত্র না খুলে ফেরত পাঠাতে পারে।

৪.১.৩ যদি বাইরের খামটি পূর্বের নির্দেশনানুসারে সীল গালা করা না হয় তবে তা মিসপ্লেসমেন্ট বা অসম্পূর্ণ দরপত্র হিসেবে বিবেচিত হবে, যাতে ক্রেতা দায়ী থাকবে না।

৪.২ **দুই খাম পদ্ধতি (Two Envelop System) ।**

৪.২.১ দরপত্রদাতা দুটি আলাদা খাম ব্যবহার করবে। একটি কারিগরী অফার এবং অন্যটি দরের অফার এবং প্রত্যেকটি খাম ক্রমানুসারে মার্ক করতে হবে। কারিগরি অফার এবং দরের অফার দুটি খামই পৃথকভাবে সীলগালা করে এবং মার্ক করে পর্যায়ক্রমে দরপত্র বাক্সে ফেলতে হবে।

Ahsan
A T M SHAHID AHSAN
Captain BN
GM (Admin)
Dockyard & Engineering Works Ltd.
Bangladesh Navy, Narayanganj.